**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 03-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**সরকারের দ্বিতীয় বর্ষপূর্তি উদযাপন :**

বর্তমান রাজ্য সরকারের দ্বিতীয় বর্ষপূর্তি উদযাপন করার লক্ষ্যে, দুটি পৃথক রাজ্য-স্তরের কর্মসূচি আয়োজন করার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার ও ভারতীয় জনতা পার্টি ।এই কর্মসূচিতে দলের কেন্দ্রীয় নেতৃত্বের উপস্থিত থাকার কথা রয়েছে।

গতকাল আগরতলায় সংবাদ মাধ্যমের সঙ্গে মতবিনিময় করতে গিয়ে এখবর জানান মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা। এবিষয়ে ডাঃ সাহা বলেন, ২০২৩ সালে নির্বাচনের ফলাফলে ভারতীয় জনতা পার্টি বিজয় অর্জন করেছিল। আমরা জনগণের প্রতিনিধি এবং আমরা তাদের ধন্যবাদ জানাতে চাই।

মুখ্যমন্ত্রী আরো বলেন, ২০২৩ সালের ৮ ই মার্চ বর্তমান মন্ত্রিসভা গঠিত হয় ।তাই সরকারের পক্ষ থেকে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে একটি রাজ্য-স্তরের কর্মসূচির আয়োজন করা হবে। ভারতীয় জনতা পার্টির নেতৃত্বাধীন সরকারের কাজকর্ম ও কৃতিত্ব নিয়ে, সেখানে আলোচনা করা হবে।

ত্রিপুরা মেডিকেল কলেজ নিয়ে অভিযোগ সম্পর্কে স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বলেন, এবিষয়ে তদন্ত সাপেক্ষে অবশ্যই আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

*************************

**CM:**

নেশা আসক্তির কারণেই রাজ্যে এইডস আক্রান্তের সংখ্যা বাড়ছে। তার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করার জন্য, প্রবীণ চিকিৎসকদের ভূমিকা নিতে হবে। গতকাল আগরতলার যক্ষা নিবারনী হলে, ত্রিপুরা রিটায়ার্ড ডক্টরস অ্যাসোসিয়েশনের বার্ষিক সম্মেলনের উদ্বোধন করে একথা বলেন, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তিনি বলেন, রাজ্যে ১০ হাজারেরও বেশি এইডস আক্রান্ত রোগী রয়েছে| এই মারণব্যাধি সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য, তিনি জনপ্রতিনিধি সহ চিকিৎসকদের কাছে আহ্বান রাখেন |অনুষ্ঠানে বক্তব্য রাখেন পদ্মশ্রী অধ্যাপক অরুণোদয় সাহা, সংগঠনের চিফ পেট্রন ডক্টর বিকাশ রায প্রমুখ|

******************************

**Uttarakhand:**

উত্তরাখণ্ডের চামলি জেলার মানা গ্রামে, রাজ্য এবং জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী, ভারতীয় সেনা ও ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশের যৌথ সন্ধান অভিযান ও উদ্ধার কার্য গতকাল শেষ হয়েছে | তুষারধসের নীচে আটকে থাকা ৫৪ জন শ্রমিকের মধ্যে, সকলকেই উদ্ধার করা হয়েছে, তাদের মধ্যে ৮ জনের মৃত্যু হয়েছে। আহত বিআরও কর্মীদের, উন্নত চিকিৎসার জন্য যোশীমঠ সেনা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে ।

******************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ গুজরাটের সাসানে, বন্যপ্রাণী সম্পর্কিত জাতীয় পর্যায়ের সমস্যা নিয়ে আলোচনার জন্য জাতীয় বন্যপ্রাণী বোর্ডের সপ্তম সভায় সভাপতিত্ব করবেন। এই বোর্ড, প্রধানমন্ত্রীর পৌরহিত্যে, বন্যপ্রাণী ও বনের সংরক্ষণ এবং উন্নয়নের জন্য কাজ করে। প্রধানমন্ত্রী আজ গির জাতীয় উদ্যানে জঙ্গল সাফারি যাত্রাও করবেন ।

*******************************************

**বীজ প্রসেসিং ইউনিট:**

কৃষি দপ্তরের উদ্যোগে বামুটিয়ার তেবাড়িয়ায় ধানের বীজ প্রসেসিং ইউনিট স্থাপন করা হয়েছে। গতকাল বামুটিয়া কৃষি মহকুমার সুপার রাজু রবিদাস এ প্রসঙ্গে জানিয়েছেন, আগামী কিছুদিনের মধ্যেই এই ইউনিটের উদ্বোধন হবে। তিনি জানান, পশ্চিম জেলায় চাষিদের ধানের বীজ সরবরাহ করতে এই ইউনিট স্থাপন করা হয়েছে। এই প্রকল্প চালু হলে বামুটিয়া ছাড়াও মান্দাই,মোহনপুর, জিরানিয়া, সিমনা সহ পশ্চিম জেলার প্রায় সর্বত্র ধানের বীজ সরবরাহ করা সম্ভব হবে।

*********************

**Election commission:**

জাতীয় নির্বাচন কমিশনের পক্ষ থেকে গতকাল এক বিজ্ঞতিতে জানানো হয়েছে, দু'টি ভিন্ন রাজ্যের ভোটারদের পরিচয় পত্রের নম্বর একরকম হতে পারে। একই এপিক নম্বর মানেই ভুয়ো ভোটার নয়। একই এপিক নম্বরযুক্ত ভোটারদের ক্ষেত্রে, বিধানসভা নির্বাচনী এলাকা এবং ভোটকেন্দ্র-সহ অন্যান্য বিবরণ ভিন্ন ভিন্ন থাকে। সংশ্লিষ্ট ভোটাররা, কেবল তাদের রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের যেখানে তারা নথিভুক্ত রয়েছেন, সেই নির্বাচনী কেন্দ্রের নির্ধারিত ভোটকেন্দ্রেই ভোট দিতে পারবেন। অন্য কোথাও নয়। এনিয়ে বিতর্ক মেটাতে নির্বাচন কমিশন, সমস্ত ভোটারকে ইউনিক এপিক নম্বর দেবার সিদ্ধান্ত নিয়েছে।

*******************

**Ramzan Roza:**

দেশের অন্যান্য অংশের সঙ্গে রাজ্যেও গতকাল থেকে ইসলাম ধর্মাবলম্বীদের পবিত্র রমজান মাস শুরু হয়েছে। আগরতলার টাউন জামে মসজিদের ইমাম

মৌলানা আবদুর রহমান জানিয়েছেন গতকাল থেকেই রোজা রাখা হচ্ছে। সন্ধ্যায় ইফতারেরও আয়োজন করা হয়েছে। উল্লেখ্য, ইদ উল ফিতরের মধ্যে দিয়ে শেষ হবে মাহে রমজান।

**পুলিশ ফুটবল**

৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতার পুরুষ বিভাগে লড়াইয়ে গ্রুপ থেকে বিদায় নিল ত্রিপুরা। আসরের চতুর্থ খেলায়ও ত্রিপুরা পুলিশ পরাজিত হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতকাল নৈশালোকে অনুষ্ঠিত খেলায় মেঘালয় পুলিশ ৩-২ গোলে রাজ্যদলকে হারিয়ে দেয়। এর আগে গ্রুপের প্রথম দুটি ম্যাচে রাজ্যদল জয় পেলেও শেষ দুটি ম্যাচে পরাজিত হয়। আজ থেকে পুরুষদের প্রি-কোয়ার্টার ফাইনাল এবং মহিলা বিভাগে সেমিফাইনাল খেলা শুরু হবে।

***************

**Weather:**

আগরতলা ও তার পাশ্ববর্তী অঞ্চলে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আজ আকাশ অংশত মেঘাচ্ছন্ন থাকবে| তাপমাত্রা দিনের সর্বোচ্চ ৩২ ডিগ্রীর কাছাকাছি থাকবে| আগরতলা বিমানবন্দরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রী সেলসিয়াস|

**********************

*************

রিপিট

Akashvani news-agartala

Akashvani news-agartala